দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 15 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

# মাদ্রাসাসমূহের স্বীকৃতি বাতিলের হঠকারী সিদ্ধান্ত জনগণ মেনে নেবে না

–ইসলামী ফ্রন্ট

চট্টগ্রাম ব্যুরো ঃ বাংলাদেশ ইসলামী ফ্রন্টের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রের পরিণাম শুভ হবে না। অবিলম্বে সরকার যদি মাদ্রাসার বিরুদ্ধে হঠকারী সিদ্ধান্ত প্রত্যাহার না করে তাহলে উদ্ভূত পরিস্থিতির জন্য সরকারকেই দায়ী থাকতে হবে। গতকাল বুধবার ইসলামী ফ্রন্ট চট্টগ্রাম মহানগর শাখার এক সভায় নেতৃবৃন্দ এ কথা বলেন। ফ্রন্টের সভাপতি অধ্যাপক মমতাজউদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কেন্দ্রীয় সদস্য সচিব মাওলানা জয়নুল আবেদীন জুবাইর, ইব্রাহীম আখতারী, খান এ সবুর, মুহাম্মদ মুছা, জসীম উদ্দীন তৈয়বী, নাছির মাহমুদ, নূর হোসাইন, মাওলানা হাসমত আলী তাহেরী প্রমুখ বক্তব্য রাখেন। কেন্দ্রীয় সদস্য সচিব মাওলানা জয়নুল আবেদীন জুবাইর বলেন, ক্ষমতাসীন সরকারের একগুঁয়েমি ও একপেশে সিদ্ধান্তাবলী জাতিকে চরমভাবে ভাবিয়ে তুলেছে। সম্প্রতি সরকার দেশের বিভিন্ন স্থানের প্রাচীন ও প্রতিষ্ঠিত মাদ্রাসাসমূহের স্বীকৃতি বাতিলের যে হঠকারী সিদ্ধান্ত নিয়েছে, জনগণ তা কখনো মেনে নিতে পারে না। ফ্রন্ট নেতা বলেন, যেসব ঠুনকো অজুহাতে মাদ্রাসার স্বীকৃতি বাতিল হলো, তারচেয়ে বহুগুণ অনিয়ম, দুর্নীতি চলছে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে।